রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ৫, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**তথ্য মন্ত্রণালয়**

**গণযোগাযোগ অধিদপ্তর**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ/৪ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

**এস. আর. ও নং ২২২/আইন/২০২০।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম।**—এই বিধিমালা গণযোগাযোগ অধিদপ্তর (গেজেটেড ও নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২০ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোনো কর্মচারী;

(ঘ) "পদ" অর্থ তফসিল-১ এ উল্লিখিত কোনো পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য উল্লিখিত যোগ্যতা;

(চ) "শিক্ষানবিশ" অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;


মূল্য : টাকা ৩০.০০

(ছ) "সিজিপিএ" বা "জিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA) বা Grade Point Average (GPA); এবং

(জ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয়, বোর্ড বা প্রতিষ্ঠান এবং, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত কোনো বিশ্ববিদ্যালয়, বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান অনুযায়ী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা যাইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা যাইবে না যদি না তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে এবং, সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স সংশ্লিষ্ট পদে নিয়োগের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) উপ-বিধি (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটি মৌখিক ও লিখিত পরীক্ষার ভিত্তিতে সংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করিবে :

তবে শর্ত থাকে যে, তবে গ্রেড ২০ এর অন্তর্ভুক্ত কোনো পদে লিখিত পরীক্ষা গ্রহণ করা হইবে কিনা তাহা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৫) কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) এতদুদ্দেশ্যে বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এতদুদ্দেশ্যে বাছাইকৃত ব্যক্তির পূর্বকার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে অথবা, তদন্ত হইলে, তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৬) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক অথবা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকিলে, স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৭) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্বচাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, ১৩—১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০-১২ গ্রেডের কোনো পদে এবং ১০—১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকরি বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী কোনো পদে এই বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে এবং সংশ্লিষ্ট পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশ**।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশ স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশি মেয়াদ চলিবারকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবেন এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরিতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারি আদেশবলে, সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন :

তবে শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইবে, সেই সকল কর্মচারীকে শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যে তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৭। **বিশেষ বিধান**।—কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনের ক্ষেত্রে কোনো ভগ্নাংশ দেখা দিলে উভয় কোটার ভগ্নাংশকে পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত করিতে হইবে।

৮। **রহিতকরণ ও হেফাজত**।—(১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে গেজেটেড ও নন-গেজেটেড কর্মচারী (গণ-সংযোগ দপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৮৫ এতদ্বারা রহিত হইবে।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত বিধিমালার অধীন যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে তাহা এই বিধিমালার অধীন সম্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা জারির তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পন্ন হইবে।

**তফসিল-১**
**[বিধি-২(খ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | মহাপরিচালক | Bangladesh Civil Service Recruitment Rules, 1981 অনুযায়ী। | | |
| ২। | পরিচালক | Bangladesh Civil Service Recruitment Rules, 1981 অনুযায়ী। | | |
| ৩। | উপপরিচালক | Bangladesh Civil Service Recruitment Rules, 1981 অনুযায়ী। | | |
| ৪। | সিনিয়র তথ্য অফিসার | Bangladesh Civil Service Recruitment Rules, 1981 অনুযায়ী। | | |
| ৫। | উপ-পরিচালক (সংগীত) | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী পরিচালক (সংগীত) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ৬। | সহকারী পরিচালক | Bangladesh Civil Service Recruitment Rules, 1981 অনুযায়ী। | | |
| ৭। | তথ্য অফিসার | Bangladesh Civil Service Recruitment Rules, 1981 অনুযায়ী। | | |
| ৮। | তথ্য ও ডকুমেন্টেশন অফিসার | Bangladesh Civil Service Recruitment Rules, 1981 অনুযায়ী। | | |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৯। | সহকারী পরিচালক (সংগীত) | ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>ক) ৬৭ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>খ) ৩৩ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>উর্ধ্বতন কণ্ঠশিল্পী পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংগীত বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>সাংস্কৃতিক জ্ঞান, বিশেষ করিয়া সংগীত রচনা ও সুর সংযোজনায় প্রয়োজনীয় অভিজ্ঞতা; এবং<br>গানের মাধ্যমে জনগণকে আনন্দ দানের ক্ষমতা ও বক্তৃতা প্রদানের অভিজ্ঞতা। |
| ১০। | রক্ষণাবেক্ষণ প্রকৌশলী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>টেকনিশিয়ান কাম-সাউন্ড রেকর্ডিস্ট পদে অন্যূন ৭ (সাত) বৎসর চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১১। | প্রকৌশলী (অডিও ভিজুয়্যাল ও বিশেষ ভ্যান) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমা) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১২। | প্রশাসনিক কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) উচ্চমান সহকারী/প্রধান সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; অথবা<br>(খ) সাঁটলিপিকার-কাম কম্পিউটার অপারেটর, উচ্চমান সহকারী, হিসাব রক্ষক বা উচ্চমান সহকারী-কাম-কোষাধ্যক্ষ পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ১৩। | সহকারী হিসাব রক্ষণ অফিসার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) হিসাব রক্ষক বা উচ্চমান সহকারী কাম-কোষাধ্যক্ষ পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ১৪। | অনুষ্ঠান সংগঠক | - | পদোন্নতির মাধ্যমে। | উচ্চমান সহকারী/প্রধান সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১৫। | সহকারী তথ্য অফিসার | ৩০বৎসর | মোট পদের শতকরা-<br>ক) ৩৩ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>খ) ৬৭ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) উচ্চমান সহকারী/প্রধান সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; অথবা<br>(খ) সাঁটলিপিকার-কাম কম্পিউটার অপারেটর, উচ্চমান সহকারী, হিসাব রক্ষক বা উচ্চমান সহকারী-কাম-কোষাধ্যক্ষ পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) ভালো সংগঠক এবং সভা-সমাবেশে বক্তৃতা প্রদানের যোগ্যতা; এবং<br>(গ) বাংলাদেশের সংস্কৃতি, ভৌগোলিক ও মানুষের জীবনযাত্রার বিষয়ে পরিপূর্ণ ধারণা। |
| ১৬। | সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমা) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে মেকানিক্যাল বা অটোমোবাইল বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিপ্লোমা; এবং<br>(খ) সিনেমা ইউনিটের গাড়ি ও বৈদ্যুতিক জেনারেটর মেরামতের কাজে অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |
| ১৭। | টেকনিশিয়ান কাম-সাউন্ড রেকর্ডিস্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল বা ইলেকট্রনিক্স বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১৮। | রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক | ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (নন-ডিপ্লোমা) বা সাউন্ড মেকানিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল বা ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা; এবং<br>(খ) শব্দ প্রকৌশল সম্পর্কিত যন্ত্রপাতি পরিচালনা বা মেরামতের কাজে অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |
| ১৯। | উচ্চমান সহকারী/ প্রধান সহকারী | - | মোট পদের শতকরা-<br>(ক) ৪০ ভাগ পদ সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর ও উচ্চমান সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৬০ ভাগ পদ সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর হইতে পদোন্নতির মাধ্যমে। | (ক) সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর বা উচ্চমান সহকারী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; অথবা<br>(খ) সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ২০। | উচ্চমান সহকারী | - | মোট পদের শতকরা-<br>(ক) ৭০ ভাগ পদ অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদ হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৩০ ভাগ পদ ঘোষক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা ঘোষক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ২১। | হিসাব রক্ষক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>হিসাব সহকারী, স্টোরকিপার বা স্টোর এ্যাসিসটেন্ট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২২। | উচ্চমান সহকারী-কাম-কোষাধ্যক্ষ | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>হিসাব সহকারী, স্টোরকিপার বা স্টোর এ্যাসিসটেন্ট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৩। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ২৪। | উর্ধ্বতন কণ্ঠশিল্পী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংগীতে স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত বোর্ড হইতে সংগীতে ডিপ্লোমা;<br>(খ) সুর সংযোজন ও কণ্ঠদানে পারদর্শিতা;<br>(গ) সুললিত ও মিষ্টি কণ্ঠের অধিকারী;<br>(ঘ) গণজমায়েত অথবা কোনো সাংস্কৃতিক অনুষ্ঠানে সংগীত পরিবেশনায় বা কণ্ঠদানে সক্ষম; এবং<br>(ঙ) গানের মাধ্যমে কর্মসূচি প্রচারের অভিজ্ঞতা। |
| ২৫। | সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (নন-ডিপ্লোমা) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>সাইন অপারেটর বা পি,এ,ই, অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অটোমোবাইল বা ইলেকট্রিক্যাল বা ইলেকট্রনিক্স বা রেডিও ইলেকট্রনিক্স ট্রেড কোর্সে উত্তীর্ণ;<br>(খ) ভ্রাম্যমাণ সিনেমা ইউনিটের গাড়ি ও জেনারেটর মেরামত কাজে অন্যূন ২ বৎসরের অভিজ্ঞতা;<br>(গ) বৈদ্যুতিক যন্ত্রপাতি পরিচালনা ও মেরামতের কাজে অভিজ্ঞতা। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ২৬। | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৭। | সাউন্ড মেকানিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ইলেকট্রনিক্স ও ইলেকট্রিক্যাল বিষয়ে ২ (দুই) বৎসর মেয়াদি ট্রেড কোর্সে উত্তীর্ণ; এবং<br>(খ) ইলেকট্রনিক্স ও পিএ যন্ত্রপাতি এবং সিনেমা যন্ত্রপাতি মেরামত বিষয়ে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ২৮। | ড্রাইভার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ভারী মোটরগাড়ি চালনার লাইসেন্স;<br>(গ) ড্রাইভিং এর ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ;<br>(ঘ) গাড়ি চালনায় অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ২৯। | এম, এল, সারেং | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ইনল্যান্ড মেকানিক্যাল প্রপেল ভেসেলস সারেং হিসাবে যোগ্যতার সার্টিফিকেট; এবং<br>(গ) মোটর লঞ্চ চালনায় অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৩০ | এম, এল, ড্রাইভার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে মোটর লঞ্চ চালনায় দ্বিতীয় শ্রেণি বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(গ) মোটর লঞ্চ চালনায় অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৩১। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ৪০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৬০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>(ক) ফটোকপি অপারেটর বা ডেসপাচ রাইডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর অথবা অফিস সহায়ক বা নিরাপত্তা প্রহরী পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(ঘ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br><br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u>**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল- ২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৩২। | হিসাব সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারের Microsoft Office এর MS Word, MS Excel ও Online এ বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৩৩ | ঘোষক | ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>ক) ২০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>খ) ৮০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>(ক) অফিস সহায়ক বা নিরাপত্তা প্রহরী পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(গ) স্পষ্ট ও সুমিষ্ট কণ্ঠস্বরসহ ঘোষণায় পারদর্শিতা;<br>(ঘ) ঘোষণার বার্তা তৈরি করিবার দক্ষতা; এবং<br>(ঙ) কম্পিউটার চালনায় দক্ষতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u>**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) স্পষ্ট ও সুমিষ্ট কণ্ঠস্বরসহ ঘোষণায় পারদর্শিতা;<br>(গ) ঘোষণার বার্তা তৈরি করিবার দক্ষতা; এবং<br>(ঘ) কম্পিউটার চালনায় দক্ষতা। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৩৪ | স্টোর কিপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) মোটরগাড়ি, মাইক, সিনেমা প্রজেক্টর, জেনারেটর, কম্পিউটার ও বৈদ্যুতিক যন্ত্রাংশের নাম, সংরক্ষণ ও সরবরাহসহ স্টোরের হিসাব সংরক্ষণ কাজে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৩৫। | স্টোর এ্যাসিসটেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) মোটরগাড়ি, মাইক, সিনেমা প্রজেক্টর, জেনারেটর ও বৈদ্যুতিক যন্ত্রাংশের নাম সংরক্ষণ ও সরবরাহসহ স্টোরের হিসাব সংরক্ষণ কাজে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষতা। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৩৬। | সাইন অপারেটর | ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ৬৭ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৩৩ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>(ক) সহকারী সাইন অপারেটর বা এ,পি,এ,ই, অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি;<br>(খ) সিনেমাটোগ্রাফ কাজের অভিজ্ঞতার সনদ; এবং<br>(গ) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড হইতে 'সি' ক্লাসের ওয়ার্কম্যান পারমিট।<br><br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u>**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) জ্বালানি তৈল দ্বারা চালিত ইঞ্জিন, বিদ্যুৎ উৎপাদক জেনারেটর, সিনেমা প্রজেক্টর, মাল্টিমিডিয়া প্রজেক্টর মেশিন চালনা, রক্ষণাবেক্ষণ, ইত্যাদি বিষয়ে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>(গ) সিনেমাটোগ্রাফ কাজের অভিজ্ঞতার সনদ; এবং<br>(ঘ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে 'সি' ক্লাসের ইলেকট্রিক লাইসেন্সধারী। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৩৭। | পি,এ,ই, অপারেটর | ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br><br>(ক) ৬৭ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br><br>(খ) ৩৩ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>(ক) এ,পি,এ,ই, অপারেটর বা সহকারী সাইন অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি;<br>(খ) পাবলিক এড্রেস ইকুইপমেন্ট (পি,এ,ই,) ইউনিটের যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ কাজের অভিজ্ঞতা; এবং<br>(গ) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড হইতে ‘সি’ ক্লাসের ওয়ার্কম্যান পারমিট।<br><br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u>**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ইলেক্ট্রিক্যাল ট্রেড কোর্সে উত্তীর্ণ এবং অন্যূন ‘সি’ শ্রেণির ইলেকট্রিক লাইসেন্সধারী;<br>(খ) শব্দযন্ত্র ও বৈদ্যুতিক যন্ত্রপাতি পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(গ) জনসভা এবং সভা-অনুষ্ঠানে শব্দযন্ত্র সংযোগ স্থাপনের যোগ্যতা। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৩৮। | মোটর মেকানিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ২ (দুই) বৎসরের অটোমোবাইল বা অটোমোটিভ ট্রেড কোর্সে উত্তীর্ণ; এবং<br>(খ) সরকারি বা কোনো প্রাইভেট মোটর কারখানায় মোটরগাড়ি মেরামত ও রক্ষণাবেক্ষণের কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৩৯। | ডায়নামো মেকানিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে বৈদ্যুতিক বা মেকানিক এ ২ (দুই) বৎসরের ট্রেড কোর্সে উত্তীর্ণ; এবং<br>(খ) সকল প্রকার বৈদ্যুতিক যন্ত্রপাতি বিশেষ করিয়া তৈল বা গ্যাসচালিত ইঞ্জিন, ডায়নামো এবং জেনারেটর মেরামতের কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৪০। | তবলচী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) গান বা সুরের তাল-লয় ও রাগ সম্পর্কে জ্ঞান। |
| ৪১। | দোতারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) গান বা সুরের তাল-লয় ও রাগ সম্পর্কে জ্ঞান। |
| ৪২। | ফ্লুট প্লেয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) গান বা সুরের তাল-লয় ও রাগ সম্পর্কে জ্ঞান; এবং<br>(গ) বংশীবাদক হিসেবে বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৪৩। | কার্পেন্টার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কার্পেন্টার ট্রেড কোর্সে উত্তীর্ণ; এবং<br>(খ) কার্পেন্টার হিসেবে ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৪৪। | সহকারী সাইন অপারেটর | ৩০ বৎসর | মোট পদের শতকরা— (ক) ৩৩ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং (খ) ৬৭ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>** (ক) অফিস সহায়ক বা নিরাপত্তা প্রহরী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং (খ) সাইন অপারেটর বা পি,এ,ই, অপারেটর এর সহিত সংশ্লিষ্ট কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। **<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u>** (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) বৈদ্যুতিক (এসি/ডিসি ২২০ ভোল্ট পর্যন্ত) কাজের অভিজ্ঞতা; (গ) টেস্ট ল্যাম্প ও হাইড্রোমিটার ব্যবহার সম্পর্কে অভিজ্ঞতা; এবং (ঘ) জনসভায় ব্যবহৃত মাইকের যন্ত্রপাতি অপারেটিং ও মেরামতের অভিজ্ঞতা। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৪৫। | এ,পি,এ,ই, অপারেটর | ৩০ বৎসর | মোট পদের শতকরা—<br>(ক) ৩০ ভাগ পদ পদোন্নতির মাধ্যম, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৭০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>(ক) অফিস সহায়ক বা নিরাপত্তা প্রহরী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) সাইন অপারেটর বা পি,এ,ই, অপারেটর এর সহিত সংশ্লিষ্ট কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।<br><br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u>**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বৈদ্যুতিক (এসি/ডিসি ২২০ ভোল্ট পর্যন্ত) কাজের অভিজ্ঞতা;<br>(গ) টেস্ট ল্যাম্প ও হাইড্রোমিটার ব্যবহার সম্পর্কে অভিজ্ঞতা; এবং<br>(ঘ) জনসভায় ব্যবহৃত মাইকের যন্ত্রপাতি অপারেটিং ও মেরামতের অভিজ্ঞতা। |
| ৪৬। | ফটোকপি অপারেটর | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে :</u>**<br>(ক) অফিস সহায়ক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) ফটোকপি মেশিন চালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা।<br><br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ফটোকপি মেশিন চালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(ঘ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৪৭। | ডেসপাচ রাইডার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) অফিস সহায়ক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) মোটর সাইকেল চালনার লাইসেন্সসহ মোটর সাইকেল চালনায় পারদর্শিতা।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) মোটর সাইকেল চালনার লাইসেন্স;<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(ঘ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৮। | এম, এল, গ্রিজার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) গিয়ার বক্সে অয়েলিং বিষয়ে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৪৯। | ক্যাশ সরকার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) অফিস সহায়ক পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫০। | এম, এল, খালাসী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো লঞ্চে খালাসীর কাজে অন্যূন ০২ (দুই) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৫১। | অফিস সহায়ক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী; এবং<br>(ঘ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫২। | নিরাপত্তা প্রহরী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী; এবং<br>(ঘ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৫৩। | মালী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা। |
| ৫৪। | পরিচ্ছন্নতা কর্মী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে মোট পদের শতকরা ৮০ ভাগ পদ হরিজন সম্প্রদায়ের প্রার্থীদের জন্য বরাদ্দ থাকিবে এবং যেক্ষেত্রে হরিজন সম্প্রদায়ভুক্ত প্রার্থী পাওয়া যাইবে না, সেইক্ষেত্রে সংশ্লিষ্ট পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাইবে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সুঠাম দেহের অধিকারী। |

**তফসিল-২**

[বিধি ২ (খ) দ্রষ্টব্য]

সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি।

| পরীক্ষার নাম | পরীক্ষা বিষয় | নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২০ | ৫০% | ৯০ মিনিট |
| | ২। ইংরেজি | ২০ | | |
| | ৩। গণিত | ১৫ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ১৫ | | |
| | মোট নম্বর | ৭০ | | |
| মৌখিক পরীক্ষা | | ৩০ | - | - |
| | সর্বমোট নম্বর | ১০০ | - | - |

**বিশেষ দ্রষ্টব্য:** (১) লিখিত পরীক্ষা এবং তফসিল-৩ এ বর্ণিত, ক্ষেত্রমত, সাঁটলিপি বা কম্পিউটার মুদ্রাক্ষর টেস্টে উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

(২) কম্পিউটারে Word processing-সহ ই-মেইল, ফ্যাক্স মেশিন চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।

**তফসিল-৩**

[বিধি ২ (খ) দ্রষ্টব্য]

সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে, ক্ষেত্রমত, পদোন্নতি বা সরাসরি নিয়োগ প্রার্থীদের সাঁটলিপি বা কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার নাম, গতি, নম্বর, ইত্যাদি।

| পদের নাম | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| **সাঁটলিপি** | | | | | | | | |
| সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ৭০ শব্দ | ৪৫ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| **কম্পিউটার মুদ্রাক্ষর** | | | | | | | | |
| সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ২০ শব্দ | ২০ শব্দ | ২০ | ২০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

**বিশেষ দ্রষ্টব্য:**

(১) সাঁট-লিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ মিনিট সময় বরাদ্দ থাকিবে।

(২) ৫% (পাঁচ শতাংশ) এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জিত হয় নাই বলিয়া গণ্য হইবে।

(৩) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(৪) সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% (চল্লিশ শতাংশ) হিসাবে গণ্য করা হইবে।

**তফসিল-৪**

[বিধি ২ (খ) দ্রষ্টব্য]

ফটোকপি অপারেটর, ডেসপাস রাইডার, অফিস সহায়ক ও নিরাপত্তা প্রহরী পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি।

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২০ | ৫০% | ১ ঘণ্টা |
| | ২। ইংরেজি | ২০ | | |
| | ৩। গণিত | ২০ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ১০ | | |
| | মোট নম্বর | ৭০ | | |
| মৌখিক পরীক্ষা | | ৩০ | - | - |
| | সর্বমোট নম্বর | ১০০ | - | - |

**তফসিল-৫**

[বিধি ২ (খ) দ্রষ্টব্য]

হিসাবরক্ষক, উচ্চমান সহকারী-কাম-কোষাধ্যক্ষ ও ক্যাশ সরকার পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি।

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ৩০ | ৫০% | ৯০ মিনিট |
| | ২। ইংরেজি | ৩০ | | |
| | ৩। গণিত | ২০ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ২০ | | |
| | মোট নম্বর | ১০০ | | |
| মৌখিক পরীক্ষা | | ১০ | - | - |
| | সর্বমোট নম্বর | ১১০ | - | - |

**বিশেষ দ্রষ্টব্য:** (১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।
(২) কম্পিউটার Word processing-সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কামরুন নাহার**
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd